

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.২০৮৭

বিষয়: ঢাকা বিভাগে সংগৃহীত বোরো'২৪ সিদ্ধ চালের চলাচল সূচি জারির অনুমোদন প্রদান

সূত্র: ১। আখানি, ঢাকার ১১.০৬.২০২৪ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.১১৯৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো'২৪ সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে গোপালগঞ্জ জেলার সিন্দিয়াঘাট এলএসডি হতে শরিয়তপুর ও রাজবাড়ী জেলার বিভিন্ন এলএসডিতে মজুত গড়ে তোলার লক্ষ্যে সদ্য সংগৃহীত বোরো'২৪ সিদ্ধ চাল ডিআরটিসির মাধ্যমে চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আখানি, ঢাকা কর্তৃক অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, সুত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আখানি ঢাকার প্রস্তাবমতে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে গোপালগঞ্জ জেলার সিন্দিয়াঘাট এলএসডি হতে শরিয়তপুর ও রাজবাড়ী জেলার বিভিন্ন এলএসডিতে মজুত গড়ে তোলার লক্ষ্যে সদ্য সংগৃহীত বোরো'২৪ সিদ্ধ চাল ডিআরটিসির মাধ্যমে পরিবহনের জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে সূচি জারির লক্ষ্যে নির্দেশক্রমে পূর্বানুমোদন প্রদান করা হলো।

সারণি-১ : ঢাকা বিভাগে বোরো'২৪ সিদ্ধ চালের চলাচল সূচির পূর্বানুমোদন প্রদান

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	গোপালগঞ্জ	সিন্দিয়াঘাট এলএসডি	শরিয়তপুর	আংগারিয়া এলএসডি	২৪০	বোরো'২৪ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	নড়িয়া এলএসডি	২৪০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	জাজিরা এলএসডি	২৪০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	রাজবাড়ী	পাংশা এলএসডি	২৪০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	গোয়ালন্দ এলএসডি	৩০০	ঐ	ঐ	
				মোট =	১২৬০			

০৪। নির্দেশনাসমূহঃ

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিক ভাবে জারি করতে হবে।

০৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-০৬-২০২৪

মোঃ এহসানুল হক  
সহকারী খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর:

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। সিস্টেম এনালিস্ট (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো), কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর এবং
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য অনুরোধ করা হলো), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।



১৩-০৬-২০২৪

মোঃ এহসানুল হক  
সহকারী খাদ্য নিয়ন্ত্রক